# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়,
# ঢাকা

## সংবাদ গতিধারা

### ঢাকা, শনিবার ৪ জুন ২০১৬, ২১ জ্যৈষ্ঠ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সৌদি আরবে লাল গালিচা সংবর্ধনা
২। বাজেট উচ্চাভিলাষী হলেও অবশ্যই বাস্তবায়নযোগ্য
: বাজেট পেশ পরবর্তী সংবাদ সম্মেলনে অর্থমন্ত্রী
৩। নার্সদের নিয়োগ পরীক্ষা বানচালের অপচেষ্টা ব্যর্থ হয়েছে : স্বাস্থ্যমন্ত্রী
৪। সজীব ওয়াজেদ জয়কে নিয়ে বিবিসি প্রতিবেদন মিথ্যা-বানোয়াট : স্বরাষ্ট্রমন্ত্রী
৫। পরিবহণ সেক্টরের চাঁদাবাজি কঠোরভাবে প্রতিহত করা হবে : সেতুমন্ত্রী
৬। চিকিৎসার জন্য সিঙ্গাপুর গেলেন স্পিকার
৭। কলকাতায় বাংলাদেশ আর্ট গ্যালারির উদ্বোধন
৮। ষষ্ঠ ধাপের মধ্য দিয়ে আজ শেষ হচ্ছে ইউনিয়ন পরিষদ নির্বাচন
৯। সংখ্যালঘুদের রক্ষায় সরকারের ওপর আস্থা রয়েছে ভারতের
১০। বাজেট বাস্তবায়নে সংশয় সিপিডির
১১। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অংশ নিতে নৌবাহিনীর ৯৩ সদস্যের ঢাকা ত্যাগ
১২। বগুড়ায় বাস-ট্রাক মুখোমুখি সংঘর্ষে ১০ জন নিহত

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সৌদি আরবে লাল গালিচা সংবর্ধনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাদশা সালমান বিন আব্দুল আজিজ আল সউদের আমন্ত্রণে সৌদি আরবে ৫ দিনের সরকারি সফরে গতকাল ৩ জুন জেদ্দা পৌঁছলে তাকে লালগালিচা সংবর্ধনা দেওয়া হয়। স্থানীয় সময় রাত ৭টা ৫০ মিনিটে প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীদের বহনকারী বাংলাদেশ বিমানের ফ্লাইট জেদ্দা বাদশাহ আব্দুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। যুবরাজ মুহাম্মদ বিন নায়েফ বিন আব্দুল আজিজ এবং সৌদি আরবে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ও ওআইসিতে স্থায়ী প্রতিনিধি গোলাম মশিহ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিমানবন্দরে স্বাগত জানান। সৌদি সামরিক বাহিনীর একটি সুসজ্জিত দল বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে গার্ড অব অনার প্রদান করে। প্রধানমন্ত্রী আজ ৪ জুন শনিবার মক্কায় ওমরাহ পালন এবং ফজরের নামাজ আদায় করবেন। এর আগে গতকাল ৩ জুন শুক্রবার সোয়া ৪টায় প্রধানমন্ত্রী এবং তার সফরসঙ্গীদের বহনকারী বিমানটি জেদ্দার উদ্দেশে যাত্রা করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**সংবাদ, ইনকিলাব, যুগান্তর, জনকণ্ঠ, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, ফিনানশিয়াল এক্সপ্রেসসহ** অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **বাজেট উচ্চাভিলাষী হলেও অবশ্যই বাস্তবায়নযোগ্য**
**: বাজেট পেশ পরবর্তী সংবাদ সম্মেলনে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, আগামী ২০১৬-১৭ অর্থবছরের প্রস্তাবিত প্রগতিশীল ও উচ্চাভিলাষী বাজেটটি অবশ্যই বাস্তবায়নযোগ্য। গতকাল ৩ জুন শুক্রবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত বাজেট পেশ পরবর্তী সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর থেকে গত সাত বছরে ঘোষিত বাজেটের ৯৫ শতাংশ বাস্তবায়িত হয়েছে। এর আগে কোনো সরকারের বাজেট বাস্তবায়ন ৮৮ শতাংশের বেশি হয়নি। **ভোরের কাগজ, প্রথম আলো, সংবাদ, ইত্তেফাক, যুগান্তর, জনকণ্ঠ, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, ডেইলি স্টার, অবজারভারসহ** অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। **নার্সদের নিয়োগ পরীক্ষা বানচালের অপচেষ্টা ব্যর্থ হয়েছে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা নার্সদের প্রতি যথেষ্ট সহানুভূতিশীল। ইতোমধ্যে তিনি নার্সদের দ্বিতীয় শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা হিসেবে মর্যাদা দিয়েছেন। আরো ১০ হাজার নার্স নিয়োগ দেওয়া হবে। এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সরকারি কর্ম-কমিশনকে ই ইতোমধ্যে নির্দেশ দেওয়া হয়েছে। পরীক্ষা শেষে গতকাল ৩ জুন শুক্রবার নিজ বাসভবনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি এ কথা বলেন। মোহাম্মদ নাসিম বলেন, সরকারি চাকরির একটি বিধিমালা রয়েছে। গেজেটেড কর্মকর্তার মর্যাদা পেতে হলে তাকে অবশ্যই সরকারি কর্ম-কমিশনের (পিএসসি) পরীক্ষায় অংশ নিতে হবে। যারা দ্বিতীয় শ্রেণির মর্যাদা পেতে যাচ্ছেন তারা গতকাল ৩ জুন শুক্রবার পিএসসির উদ্যোগে আয়োজিত পরীক্ষায় অংশ নিয়েছেন। একটি স্বার্থান্বেষী মহল নার্স নিয়োগ পরীক্ষা বানচালের অপচেষ্টা করেছিল, কিন্তু তা ব্যর্থ হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.১)।

৪। **সজীব ওয়াজেদ জয়কে নিয়ে বিবিসি প্রতিবেদন মিথ্যা-বানোয়াট : স্বরাষ্ট্রমন্ত্রী**

প্রধানমন্ত্রীর ছেলে এবং তার তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়কে নিয়ে করা বিবিসি বাংলার প্রতিবেদনটি মিথ্যা ও বানোয়াট বলে উল্লেখ করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। গতকাল ৩ জুন শুক্রবার রাজধানীর মনিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**ইনকিলাব (পৃ.১,ক.৮) যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৫) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.২)।

৫। **পরিবহণ সেক্টরের চাঁদাবাজি কঠোরভাবে প্রতিহত করা হবে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পরিবহণ সেক্টরের চাঁদাবাজি নিয়ে ইতোমধ্যে বৈঠক হয়েছে। কঠোরভাবে এ চাঁদাবাজি প্রতিহত করা হবে। তিনি গতকাল ৩ জুন শুক্রবার পাটুরিয়া ফেরিঘাট এলাকায়

সড়ক ও জনপথের নবনির্মিত পরিদর্শন বাংলো 'পদ্মা-যমুনা' উদ্বোধনকালে এসব কথা বলেন। এ সময় মন্ত্রী আরও বলেন, সাভারের নবীনগর থেকে ঢাকা-আরিচা মহাসড়কের মানিকগঞ্জের-পাটুরিয়া ঘাট পর্যন্ত দুই লেনের মহাসড়কটি চার লেনে উন্নীত করা হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫)**, জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.১) ।



৬। **চিকিৎসার জন্য সিঙ্গাপুর গেলেন স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার এবং সিপিএ নির্বাহী কমিটির চেয়ারপারসন ড. শিরীন শারমিন চৌধুরী সিঙ্গাপুরে চিকিৎসার উদ্দেশে গত ২ জুন বৃহস্পতিবার ঢাকা ত্যাগ করেছেন। তিনি আগামী ১০ জুন চিকিৎসা শেষে ঢাকায় ফিরবেন বলে আশা করা হচ্ছে। স্পিকারকে বিদায় জানাতে জাতীয় সংসদের চিফ হুইপ আ স ম ফিরোজসহ সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে উপস্থিত ছিলেন।

সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১)**, জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান,** (পৃ.৩,ক.৮)।

৭। **কলকাতায় বাংলাদেশ আর্ট গ্যালারির উদ্বোধন**

ভারতের পশ্চিমবঙ্গের রাজধানী কলকাতায় নিউ টাউনে আর্টসএকর ফাউন্ডেশনে বাংলাদেশ আর্ট গ্যালারির উদ্বোধন করা হয়েছে। বাংলাদেশের সংস্কৃতি বিষয়কমন্ত্রী আসাদুজ্জামান নূর গতকাল ৩ জুন শুক্রবার এর উদ্বোধন করেন। উদ্বোধন অনুষ্ঠানে তিনি বলেন, এই আর্ট গ্যালারির উদ্বোধনের মধ্য দিয়ে বাংলাদেশ ও ভারতের সংস্কৃতির বন্ধন আরও সুদৃঢ় হবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৫,ক.৬)**, নিউ এজ** (পৃ.১১,ক.১), **অবজারভার** (পৃ.১১,ক.৪)।

৮। **ষষ্ঠ ধাপের মধ্য দিয়ে আজ শেষ হচ্ছে ইউনিয়ন পরিষদ নির্বাচন**

আজ শনিবার দেশের ৭২৩টি ইউনিয়ন পরিষদ নির্বাচনে ভোটগ্রহণ করা হচ্ছে। এটি চলামান নির্বাচনের ষষ্ঠ ও শেষ ধাপ। আজ সকাল আটটা থেকে বিকেল চারটা পর্যন্ত চলবে এ ভোট গ্রহণ। আর এ জন্য সব ধরণের প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন কমিশন। ইতোমধ্যে ব্যালট পেপারসহ সব ধরণের ভোটসামগ্রী ভোটকেন্দ্রগুলোতে পৌঁছে গেছে। সহিংসতা ও অনিয়ম ঠেকাতে গত ২ জুন বৃহস্পতিবার থেকে মাঠে টহল দিচ্ছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, রয়েছে ভ্রাম্যমাণ আদালত। স্ট্রাইকিং ফোর্স হিসেবে কাজ করছে র‍্যাব, পুলিশ, বিজিবি, আমর্ড ফোর্স ও আনসারের সমন্বয়ে গঠিত যৌথবাহিনী। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.২)**, জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.)।

৯। **সংখ্যালঘুদের রক্ষায় সরকারের ওপর আস্থা রয়েছে ভারতের**

বাংলাদেশে সংখ্যালঘুদের রক্ষায় সরকারের ওপর আস্থা রাখতে চায় ভারত। গত ২ জুন বৃহস্পতিবার দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র বিকাশ স্বরূপ নিয়মিত ব্রিফিংয়ে এ কথা জানিয়েছেন। বাংলাদেশের পক্ষ থেকেও জানানো হয়েছে, সংখ্যালঘু লোকজনের স্বার্থ রক্ষার বিষয়কে সব সময় গুরুত্ব দেওয়া হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১)।

১০। **বাজেট বাস্তবায়নে সংশয় সিপিডির**

আগামী অর্থবছরের প্রস্তাবিত বাজেটের আকার ও লক্ষ্যমাত্রা ঠিক বললেও বাজেট বাস্তবায়নে সংশয় প্রকাশ করেছে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফল পলিসি ডায়ালগ (সিপিডি)। আয়-ব্যয়ের কাঠামো দুর্বল উল্লেখ করে সংস্থাটি বলছে, ঘাটতি অর্থায়নে বিশাল লক্ষ্যভেদ করার মতো শক্তি প্রস্তাবিত বাজেটে নেই। প্রতিবছর বাজেটে বাড়তি প্রাক্কলন এবং অর্থবছর শেষে তা অর্জন করতে না পারার মধ্যদিয়ে 'আস্থার সঙ্কট ' তৈরি হচ্ছে বলেও মনে করছে সিপিডি। গতকাল ৩ জুন শুক্রবার জাতীয় বাজেট ২০১৬-১৭ সংবাদ সম্মেলনে এসব কথা বলেন সিপিডির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য। **সূত্র-জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)**, সংবাদ** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

১১। **জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অংশ নিতে নৌবাহিনীর ৯৩ সদস্যের ঢাকা ত্যাগ**

জাতিসংঘ শান্তিরক্ষা মিশন দক্ষিণ সুদানে বাংলাদেশ নৌবাহিনীর ফোর্স মেরিন ইউনিট-২ এ যোগদানের উদ্দেশে ৯৩ নৌসদস্যের প্রথম দল গতকাল ৩ জুন শুক্রবার ঢাকা ত্যাগ করেছে। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর

জানিয়েছে, নৌবাহিনীর এই ইউনিট ২০১৫ সাল থেকে দক্ষিণ সুদানের নদীপথে জাতিসংঘের সরবরাহ ব্যবস্থাকে সচল রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **যুগান্তর** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (পৃ.১১,ক.১) ।

**১২।	বগুড়ায় বাস-ট্রাক মুখোমুখি সংঘর্ষে ১০ জন নিহত**

বগুড়ার শেরপুরে যাত্রীবাহী বাস ও পাথর বোঝাই ট্রাকের মুখোমুখি সংঘর্ষে ১০ জন নিহত হয়েছেন। এর মধ্যে উভয় পরিবহণের চালকও রয়েছেন। এই ঘটনায় কমপক্ষে ২৫ জন গুরুত্বর আহত হয়েছেন। আহতদের উদ্ধার করে শেরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।